

# টিউশন

তিমিরকান্তি

আজ সন্ধ্যাবেলা অন্ধ নয় শুধু গল্প করব আমরা দুজন  
পড়ার টেবিলে তুমি আর আমি মুখোমুখি বসে থাকতে চাই  
তোমাদের ঘর যেন ফাঁকা থাকে একদিনের জন্য অন্তত  
এলজেরার মত মিলে যাবে আমাদের নয়ন যুগল  
দুষ্ট ডটপেনের কালি অন্ধকার করে দেবে বেফাঁস আলোকে  
তোমার দু'হাত থেকে উড়তে থাকবে বই, খাতা, বেবশ কলম  
দু'তালার ছোট্টঘর ভরে উঠবে হাসি আর ব্যাপক খুশিতে  
গোটা মহাকাশ জুড়ে গোলমাল হবে ভুল অন্ধ আর অন্ধ  
একদিনের জন্য প্লিজ তোমাদের ঘর যেন সারাদিন ফাঁকা রেখো  
অন্ধ নয়, খাতা নয়, শুধু গল্প করব জেনো আমরা দু'জন